দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 JAN 2015
পৃষ্ঠা - ৫ কলাম - ২

নতুন বই পেয়ে অন্যরকম আনন্দে শিশু-কিশোররা

■ চট্টগ্রাম অফিস

গতকাল বৃহস্পতিবার চট্টগ্রামে প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষার্থীদের হাতে বিনামূল্যের নতুন বই তুলে দেয়া হয়েছে। সকালে চট্টগ্রাম নগরীর মিউনিসিপ্যাল মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে উৎসব উদ্বোধন করেন চট্টগ্রামের জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন। একই সময়ে ডবলমুরিং খান সাহেব পাঠানটুলী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ করা হয়। নতুন বই হাতে পেয়ে অন্যরকম আনন্দে মেতে ওঠে কোমলমতি শিশু-কিশোররা। আনন্দের রেশ ছড়িয়ে পড়ে অভিভাবকদের মধ্যেও। বই হাতে নিয়েই পাতা উল্টে দেখতে শুরু করে শিশুরা। কৌতূহলী হয়ে কেউ কেউ বাবা-মাকে নানা প্রশ্ন করে। বই উৎসব উদ্বোধন করে চট্টগ্রামের জেলা প্রশাসক বলেন, হরতাল না হলে বই বিতরণ উৎসব আরো আনন্দদায়ক হতো। জানা গেছে, এ বছর চট্টগ্রাম মহানগরী ও জেলার ৪ হাজার ১২০টি শিক্ষা প্রতিষ্ঠানে ৯ লাখ ১৫ হাজার ১৬৫ জন শিক্ষার্থীর মাঝে সর্বমোট ৫২ লাখ ৮ হাজার ৭৬৫টি পাঠ্যবই বিতরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

সিলেট অফিস জানায়, বৃহস্পতিবার সকালে সিলেট বিভাগের সবকটি স্কুলে বই বিতরণ করা হয়। শিশুরা হাতে বই পেয়ে আনন্দে মেতে উঠে। তারা বই নিয়ে মহাখুশিতে বাড়ি ফিরে। সূত্র জানায়, সিলেট বিভাগে একযোগে এক কোটি ২৪ লাখ ৩৩ হাজার ১২৪টি পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। সকাল ১০টায় নগরীর অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়ে বই উৎসবে সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বাবলী পুরকায়স্ত। শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন প্রধান অতিথি বিভাগীয় কমিশনার সাজ্জাদুল হাসান।

বিভিন্ন স্থানে বই বিতরণ উৎসব

বিশেষ অতিথি ছিলেন সিলেটের জেলা প্রশাসক শহিদুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চলের ভারপ্রাপ্ত উপ-পরিচালক জাহাঙ্গীর কবির আহমদ। প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার সাজ্জাদুল হাসান বলেন, বর্তমান সরকার দেশ ও জাতিকে এগিয়ে নিতে শিক্ষার উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছে। গত ৫ বছর থেকে সরকার বছরের প্রথমদিন সকল শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দিতে সক্ষম হয়েছে। এই উদ্যোগ সারাবিশ্বে প্রশংসিত হয়েছে। সরকার চায় সবার জন্য শিক্ষা। যাতে কোনো শিক্ষার্থী ঝরে না পড়ে। এজন্য বিভিন্ন প্রকল্প চালু করা হয়েছে।

বরিশাল অফিস জানায়, বরিশালে প্রাথমিক-মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে গতকাল বৃহস্পতিবার বই উৎসব পালিত হয়েছে। ফলে সব শ্রেণীর বিদ্যালয়গুলোতে ছিল উৎসবের আমেজ। সরকারি ঊর্ধ্বতন কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত থেকে শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ করেন।

বিভাগীয় কমিশনার মোঃ গাউস সরকারি বালিকা বিদ্যালয় ও বরিশাল মডেল স্কুল অ্যান্ড কলেজে মাধ্যমিক শ্রেণীর এবং নগরীর কিশোর মজলিস সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রাথমিক শ্রেণীর বই উৎসব অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। মাধ্যমিক শ্রেণীর বই উৎসবে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও আঞ্চলিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. মোস্তাফিজুর রহমান। জেলা প্রশাসক মোঃ শহীদুল আলম নগরীর উদয়ন মাধ্যমিক বিদ্যালয়ে বই উৎসবে প্রধান অতিথি ছিলেন। এছাড়া জেলা ও উপজেলার বিদ্যালয়গুলোতে স্থানীয় সরকারি কর্মকর্তা ও গণমান্য ব্যক্তিরা অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন।